



## পোশাক-বিধি

প্রতিদিন শিক্ষার্থীদেরকে হাউজবাজসহ নির্দেশিত পোশাকে কলেজে আসতে হবে। বোর্ডের পরীক্ষার সময় কলেজ নির্দেশিত পোশাক পরিধান করতে হবে। পোশাকের নির্ধারিত স্থানে Name Tag, College Monogram, House Symbol ও ID Card ব্যবহার করতে হবে।

**ছাত্র:** খাকী ফুলপ্যান্ট, স্কাইব্লু হাফশার্ট, সাদা মোজা ও সাদা ক্যানভাস সু। শীতকালে নেভি ব্লু পুলওভার/সুয়েটার (ফুল হাতা)

**ছাত্রী:** সাদা সালোয়ার, স্কাইব্লু ফ্রক, সাদা ওড়না, সাদা মোজা ও সাদা ক্যানভাস সু। শীতকালে নেভি ব্লু কার্ডিগান (ফুল হাতা)

সব জামা ও ফ্রকের সাথে নির্ধারিত হাউজ ব্যাজ অবশ্যই ধারণ করতে হবে (ঈশা খাঁ- গোলাপি, শেরে বাংলা-হলুদ, নজরুল-লাল, তিতুমীর-সবুজ)। রসায়ন ও জীববিজ্ঞানের ব্যবহারিক ক্লাসে নিজ নিজ সাদা অ্যাপ্রোন পরিধান করতে হবে।

বাফওয়া ইনডাস্ট্রিয়াল হোম দ্বারা পরিচালিত ওয়ান স্টপ সার্ভিসে (ঠিকানা: বাফওয়া শপিং কমপ্লেক্স, দোকান নং ৯, দ্বিতীয় তলা) কলেজের ইউনিফর্ম তৈরি করা হবে। ছাত্র ছাত্রীরা নিজেদের পোশাকের মাপ দিয়ে সেখান থেকে ইউনিফর্ম তৈরি করবে। ২ (দুই) সেট ইউনিফর্মের খরচ কলেজের টিউশন ফি এর সাথে আদায় করা হবে।

**বিশেষ দৃষ্টব্য:** বিএএফ শাহীন কলেজ ঢাকার ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্লাস শুরু ও অন্যান্য বিষয় SMS- এর মাধ্যমে জানানো হবে।